ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -১১/০৭/২০১৭ ।। ১

১৪ জুলাই থেকে কের পূজা ঃ কেরের সীমানা নির্ধারিত

আগরতলা, ১১ জুলাই ।। আগামী ১৪ জুলাই শুক্রবার রাত ১০টায় ঐতিহ্যবাহী কের পূজা শুরু হবে। কের সমাপ্ত হবে আগামী ১৬ জুলাই রবিবার সকাল ৫টায়। কের পূজা উপলক্ষ্যে কেরের সীমানা নির্ধারণ করা হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে নতুন হাবেলীতে কেরের সীমানা হলো-

উত্তর দিকে - রাজ অন্তপুরের উত্তর সীমানা। পূর্বে- রাজবাড়ির খাসমহলের পূর্ব সীমানা হতে বরাবর দক্ষিণ দিকে পুরাতন বিধানসভা ভবনের পশ্চিম সীমানা বরাবর রেলিং হয়ে মেইন গেইটের পশ্চিম সীমানা পর্যন্ত। দক্ষিণে- দুর্গাবাড়ীর দীঘির দক্ষিণ পাড়ের রেলিং ও দুর্গাবাড়ীর পূর্ব সীমানার দেওয়াল এবং দক্ষিণ সীমানার দেওয়াল । পশ্চিমে- দুর্গাবাড়ীর পশ্চিম সীমানার দেওয়াল তৎপর উক্ত দেওয়ালের উত্তর কোণ বরাবর পশ্চিম দিকে শকুন্তলা রোডের পূর্ব সীমানা বরাবর উত্তর দিকে রাজবাড়ীর পুরাতন দেওয়াল সংযোগস্থল।

পুরাতন হাবেলীতে কেরের সীমানা হলো- উত্তর দিকে- চতুর্দ্দশ দেবতা বাড়ীর সীমানার রাস্তা । পূর্বে- উক্ত দেবতার বাড়ীর রাস্তা। দক্ষিণে- উক্ত দেবতার বাড়ীর সীমানা। পশ্চিমে- উক্ত দেবতার বাড়ীর পুষ্করিণীর পশ্চিম পাড়। চতুর্দ্দশ দেবতার বাড়ী হতে যে রাস্তা বরাবর পশ্চিম দিকে হাওড়া নদীর দেবতার স্নানের ঘাট পর্যন্ত। নির্ঘন্ট অনুযায়ী ২৯ আষাঢ, ১৪২৪ বাং,(১৪ জুলাই ২০১৭ ইং) শুক্রবার রাত ১০ টায় কের আরম্ভ হবে এবং তখন তোপধ্বনি হবে। ৩০ আষাঢ, ১৪২৪ বাং,(১৫ জুলাই, ২০১৭ ইং) শনিবার ভোর ৫ টায় কেরের বিশ্রাম হবে এবং তোপধ্বনি হবে। এরপর পূর্বাহ্ন ১০টায় কের আরম্ভ হবে এবং সন্ধ্যা ৬টায় কেরের বিশ্রাম হবে।এই সময় তোপধ্বনি নাগরী পূজার পর হবে এবং রাত্রি ১০টায় পুনরায় কের আরম্ভ হবে তখনই তোপধ্বনি হবে।

৩১ আষাঢ, ১৪২৪ বাং, (১৬ জুলাই, ২০১৭ ইং) রবিবার সকাল ৫টায় কের ছাড়বে এবং তখনই তোপধ্বনি হবে।

জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে, কেরের নিয়ম অনুযায়ী কেরের সময় কেরের সীমানার মধ্যে কোন লোকের জন্ম বা মৃত্যু হলে কের ভঙ্গ হবে। অতএব পূর্ব হতে এই সম্বন্ধে অনুসন্ধানক্রমে কোন আসন্ন প্রসবা কিংবা মুমূর্ষু রোগী থাকলে তাদেরকে কের আরম্ভের পূর্বেই স্থানান্তরিত করতে হবে। কেরের সময় কেরের সীমানার মধ্যে কোন প্রকার নৃত্য, গীত, বাদ্য ও আমোদ প্রমোদ করা যাবে না এবং গো, মহিষ, ছাগল ইত্যাদি প্রকাশ্য স্থানে যাতায়াত করতে পারবে না। কেরের সময় কেরের সীমানার ভিতরের লোক বাইরে যেতে কিংবা বাইরের লোক ভিতরে আসতে পারবে না। নির্দিষ্ট সংখ্যক পুলিশ কর্মচারী এবং পশ্চিম ত্রিপুরা দেবার্চনের ভারপ্রাপ্ত কর্মীগণ এবং যে কোন ব্যক্তিকে জেলাশাসক বিশেষ ভাবে অনুমতি দেন, তারা ভিন্ন অন্য কোন লোক কেরের সময় উক্ত সীমানার মধ্যবর্তী স্থানে যাতায়াত করতে পারবে না।কের আরম্ভের আধা ঘন্টা পূর্বে খবরদারি তোপধ্বনি করা হবে।

মাতাবাড়ী ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব ২৮ জুলাই

উদয়পুর, ১১ জুলাই ।। মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির সভাগৃহে সম্প্রতি তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মাতাবাড়ী ব্লকের যৌথ উদ্যোগে ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব সংগঠিত করার লক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রেখারাণী মজুমদার এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পঞ্চায়েত সমিতির সদস্যগণ, বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের প্রধানগণ, পঞ্চায়েত দপ্তরের আধিকারিক সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয় আগামী ২৮ জুলাই সকাল ১১ টায় ধন্যমানিক্য মুক্তমঞ্চে মাতাবাড়ী ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হবে। এই লোক সংস্কৃতি উৎসবে ভিলেজ এবং পঞ্চায়েতের নির্বাচিত শ্রেষ্ঠ দল ব্লক ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করবে। এই উৎসবকে সফল করে তোলার জন্য মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রেখারাণী মজুমদারকে চেয়ারম্যান করে একটি পরিচালন কমিটি গঠন করা হয়েছে।

ধর্মনগরে কৃতী ছাত্র ছাত্রীদের সম্বর্ধণা

ধর্মনগর, ১১জুলাই ।। ধর্মনগর পুর পরিষদের উদ্যোগে বিবেকানন্দ সার্ধ শত বার্ষিকীভবনে গত ৯ জুলাই আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে ত্রিপুরা মধ্য শিক্ষা পর্ষৎ পরিচালিত এ বছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৩৮০ জন ছাত্র ছাত্রীকে সম্বর্ধনা দেওয়া হয়। কৃতী ছাত্র ছাত্রীদের সম্বর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করেন ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্য। তিনি ছাত্র ছাত্রীদের ভাল ভাবে পড়াশোনার মাধ্যমে নিজ নিজ লক্ষ্যে এগিয়ে যাবার পরামর্শ দেন।

অনুষ্ঠানে পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন মানিক লাল নাথ, পুর পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি প্রমোদ মালাকার, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি উমা মিত্র চক্রবর্ত্তী, প্রাক্তণ বিধায়ক অমিতাভ দত্ত, অবসর প্রাপ্ত (রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত) প্রধান শিক্ষক গৌর গোপাল ব্যানার্জী প্রমুখ আলোচনায় অংশ নেন। স্বাগত ভাষণ রাখেন পুর পরিষদের মুখ্য কার্য নির্বাহী আধিকারিক তরুণকান্তি সরকার। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে। এদিকে, ধর্মনগর সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী অন্যতমা দত্ত ও সালমা বেগম ১,২০০টাকা এবং বীণারাণী দাস ১,৫০০টাকা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান করেন। অনুষ্ঠানে অতিথিগণ কৃতী ছাত্র ছাত্রীদের হাতে মানপত্র সহ পুরস্কার তুলে দেন।

দেওভ্যালী এবং দক্ষিণ ঊনকোটি ভিলেজে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

কুমারঘাট, ১১ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সম্প্রতি দেওভ্যালী এবং দক্ষিণ ঊনকোটি এ ডি সি ভিলেজে ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । দেওভ্যালী ভিলেজে আয়োজিত লোক সংস্কৃতি উৎসবে উক্ত ভিলেজের চেয়ারম্যান সাধনমনি চাকমা, সদস্য গাব্রিয়াল রিয়াং ও অনিতা রিয়াং এবং দক্ষিণ ঊনকোটি ভিলেজের অনুষ্ঠানে উক্ত ভিলেজের চেয়ারম্যান নৃপেন্দ্র দাস সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন । উল্লিখিত দুটি ভিলেজে আয়োজিত অনুষ্ঠানে এলাকার শিল্পীরা বিঝু, জুম, গড়িয়া, হালাম, ওরাং ও কাঠিনৃত্য পরিবেশন করেন।

বিলোনীয়া পুর পরিষদ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব ১৫-১৭ জুলাই

বিলোনীয়া, ১১ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিলোনীয়া পুর পরিষদের যৌথ উদ্যোগে বিলোনীয়া পুর পরিষদ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব সংগঠিত করার লক্ষ্যে গত ৯ জুলাই পুর পরিষদের মিলনায়তনে এক সভা অনুষ্ঠিত হয় । পুর পরিষদের চেয়ারপার্সন শুভ্রা মিত্রের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সুবল রায়, পুর পরিষদের সদস্যগণ সহ সাংস্কৃতিক ব্যক্তিত্বগণ উপস্থিত ছিলেন । সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৫-১৭ জুলাই পুর পরিষদের বিভিন্ন ওয়ার্ডে লোক সংস্কৃতি উৎসব আয়োজিত হবে ।

কাঞ্চনপুরে বিভিন্ন ফল ও সব্জীর চাষ

কাঞ্চনপুর, ১১ জুলাই ।। কাঞ্চনপুর মহকুমা উদ্যান ও ভূমি সংরক্ষণ কার্যালয়ের উদ্যোগে ২০১৬-১৭ অর্থ বছরে দশদা, জম্পুইহীল, লালজুরী ও পেঁচারথল ব্লক এলাকার বিভিন্ন ভিলেজে অর্থকরী ফল ও সব্জীর চাষ করা হয় । এরমধ্যে ১৪ হেঃ কলা, ১১.৫ হেঃ আনারস, পেঁপে ৩ হেঃ, ১৩২ হেঃ সব্জী চাষ ছাড়াও ২২৮ হেঃ বিভিন্ন ফল বাগিচা সংস্কার করা হয় । এছাড়া, চাষাবাদের সুবিধার্থে ৪৯ জন কৃষককে কৃষি যন্ত্রপাতি দেওয়া হয় । এতে এম আর ডি এইচ প্রকল্পে ব্যয় হয়েছে ৭৯ লক্ষ ১৫ হাজার ৮৪৮ টাকা । সংশ্লিষ্ট মহকুমা তত্বাবধায়ক এ তথ্য জানিয়েছেন।

পোয়াংবাড়ি ব্লকে ঘর পাচ্ছে ১৬০টি পরিবার

সাব্রুম, ১০ জুলাই ।। পোয়াংবাড়ি ব্লকের উদ্যোগে সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে ২০১৬-১৭ অর্থবর্ষে সমরেন্দ্রগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ৫টি শ্রেণীকক্ষ নির্মাণ করা হয়েছে । ব্যয় হয়েছে ৩০ লক্ষ ২০ হাজার টাকা । অন্যদিকে, এম জি এন রেগায় পোয়াংবাড়ি ব্লক এলাকায় ৪০টি পরিবারকে পুকুর খনন করে দেওয়া হচ্ছে । এই কর্মসূচিতে ব্যয় হচ্ছে ৮৫ লক্ষ ৫২ হাজার টাকা । শ্রমদিবস সৃষ্টি হবে ৫০ হাজার । প্রধানমন্ত্রী আবাস যোজনায় এবছর পোয়াংবাড়ি ব্লক এলাকায় গৃহ নির্মাণ করে দেওয়া হচ্ছে ১৬০টি পরিবারকে । প্রতিটি গৃহ নির্মাণে ব্যয় হচ্ছে ১ লক্ষ ৩০ হাজার টাকা । পোয়াংবাড়ি ব্লকের বিডিও রাজু দেব এই সংবাদ জানিয়েছেন।

মাতাবাড়ী ব্লক ভিত্তিক বনমোহৎসব ১৭ জুলাই

উদয়পুর, ১০ জুলাই ।। আগামী ১৭ জুলাই মাতাবাড়ী ব্লক ভিত্তিক বনমহোৎসব হোলাক্ষেত পঞ্চায়েতের আড়ালিয়া এস বি স্কুলে অনুষ্ঠিত হবে। ঐ দিন দুপুরে বনমহোৎসবের উদ্বোধন করবেন বিধায়ক মাধব সাহা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রেখারাণী মজুমদার । অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন হোলাক্ষেত পঞ্চায়েতের প্রধান কিশোর দাস । এই উপলক্ষ্যে বিদ্যালয় মাঠ চত্বরে বিভিন্ন গাছের চারা রোপণ করা হবে । গত ৭ জুলাই মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির সভাগৃহে সমিতির চেয়ারম্যান রেখারাণী মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয় ।

সমরুছড়ায় প্রশাসনিক শিবির ১২ জুলাই

কৈলাসহর, ১০ জুলাই ।। কৈলাসহর মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১২ জুলাই চন্ডীপুর ব্লকের সমরুছড়া এস বি স্কুলে অনুষ্ঠিত হবে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির । মহকুমা শাসক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ শিবিরে ঐ এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে জনগণের সাথে মতবিনিময় করবেন। শিবিরে স্থায়ী বসবাসের প্রমাণপত্র সহ এস টি ও এস সি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হবে । স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে স্বাস্থ্য শিবির ও প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে প্রাণী চিকিৎসা শিবিরের আয়োজন করা হবে। সংশ্লিষ্ট এলাকার জনগণকে শিবিরের বিভিন্ন সুযোগ গ্রহণ করার জন্য মহকুমা শাসক অনুরোধ জানিয়েছেন।

পশ্চিম টাকারজলা ভিলেজে গ্রাম সভা অনুষ্ঠিত

জম্পুইজলা, ১০ জুলাই ।। জম্পুইজলা ব্লকের পশ্চিম টাকারজলা এ ডি সি ভিলেজের গ্রাম সভা সম্প্রতি টাকারজলা কমিউনিটি হলে অনুষ্ঠিত হয় । সংশ্লিষ্ট ভিলেজের চেয়ারম্যান মঙ্গল লক্ষ্মী দেববর্মার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রাক্তন এম ডি সি ললিত দেববর্মা, ভিলেজ কমিটির সদস্যগণ সহ এলাকার জনগণ উপস্থিত ছিলেন ।

সভায় পঞ্চায়েত সচিব ২০১৬-১৭ অর্থ বছরের বিভিন্ন উন্নয়নমূলক কাজের তথ্য তুলে ধরে জানান, ঐ সময়ে এম জি এন রেগায় ১ কোটি ৬২ লক্ষ ৮ হাজার ৯২ টাকা ব্যয়ে ২১ টি জমি সমতলকরণ, ১৪ টি নালা খনন, ৪ টি রাস্তা তৈরী ও ৪টি রাস্তা সংস্কার, ৭টি পুকুর খনন ও ২টি পুকুর সংস্কার, ১টি মিনি ব্রীজ তৈরী, ১০টি বাগান সংস্কার করা হয় । এছাড়া, পঞ্চায়েত উন্নয়ন তহবিলে ২ লক্ষ ৩৭ হাজার ২৪১ টাকা ব্যয়ে ১০টি অর্ডিনারী হ্যান্ড পাম্প এবং ৩টি রাস্তা সংস্কার সহ অন্যান্য কাজ করা হয়েছে । আবাসন প্রকল্পে ১০টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হয় ।

করবুকে লোক সংস্কৃতি উৎসব

করবুক, ১০ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে করবুক ব্লকের পশ্চিম একছড়ি এ ডি সি ভিলেজে সম্প্রতি ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । উক্ত ভিলেজের জাইকা হলে আয়োজিত এই অনুষ্ঠানে এলাকার শিল্পীরা লোকসংগীত ও হজাগিরি নৃত্য পরিবেশন করেন । অনুষ্ঠানে সংশ্লিষ্ট ভিলেজের চেয়ারম্যান সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন ।